

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন-২ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৪.৬১০

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৩
০৭ ডিসেম্বর ২০১৬

প্রেরকঃ মোঃ মাহমুদুল আলম
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের আওতায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নধীন 'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোডঃ ৫১১৮) অনুকূলে সিডিভ্যাট পরিশোধের জন্য অর্থ ছাড়।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্থানীয় সরকার বিভাগের ০৮-০৮-২০১৬ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৪.৩৭৮ নং সরকারি আদেশের অনুবৃত্তিক্রমে উল্লিখিত প্রকল্পের জন্য বর্তমান অর্থ বছরের (২০১৬-২০১৭) বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সিডিভ্যাট বাবদ ধার্যকৃত বরাদ্দ হতে প্রকল্পের আওতায় সিডিভ্যাট বাবদ ব্যয় নির্বাহের জন্য জিওবি অংশের মূলধন খাতের ১ম ও ২য় কিস্তির (আংশিক) ২.০০ (দুই) লক্ষ টাকা ছাড়ের মঞ্জুরী জ্ঞাপন করছি।

২। এ ব্যয় মঞ্জুরী নং-৩৩, এলজিইডি কোড-৩৭৩১, 'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' (প্রকল্প কোড-৫১১৮), শীর্ষক প্রকল্পের জন্য রক্ষিত চলতি অর্থ বছরের (২০১৬-১৭) বাজেট বরাদ্দ হতে বহন করা হবে।

৩। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে উল্লিখিত প্রকল্পের পক্ষে উহার প্রকল্প পরিচালক এ অর্থ উত্তোলন করতে পারবেন।

৪। শুল্ক আইনের ৩৪ ধারা অনুযায়ী কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস (আমদানী), চট্টগ্রাম এর হিসাব চলতি নং-৩০১৮ নং এ উক্ত অর্থ জমা করতে হবে।

৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩ নভেম্বর ২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের প্রেক্ষিতে অত্র বিভাগকে যে ক্ষমতা অর্পণ করা হইয়াছে, সেই অনুসারে জারী করা হইল।

স্বা/০৭/১৪২৩

(মোঃ মাহমুদুল আলম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৪.৬১০(৮)

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৩
০৭ ডিসেম্বর ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাঃ ১১)।
- ২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। প্রকল্প পরিচালক, "সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)" শীর্ষক প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ৮। অফিস কপি।

১১/১২/১৬